

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
আই পি এইচ স্কুল রোড  
মহাখালী, ঢাকা-১২১২।

নং- ৪৫.০৩.০০০০.০০৮.১৪.০৭৯-২০২০ : ৭৪৩

তারিখঃ ২০/০৫/১৪২৭ বঃ  
২৫/০৮/২০২০ খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখা চালু করণ।


নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বাংলাদেশের সকল সরকারি নার্স ও মিডওয়াইফদের নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান দেশের সকল সরকারি হাসপাতালে নার্সিং সেবার মান ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং শিক্ষার মান উন্নয়নে নিরলসভাবে কাজ করছে। প্রতিষ্ঠানে বিদ্যমান শাখা যথাক্রমে নার্সিং প্রশাসন; নার্সিং শিক্ষা, প্রশিক্ষণ ও উন্নয়ন; শৃঙ্খলা; পিএমআইএস ও সমন্বয়। রিসার্চ আধুনিক নার্সিং সেবা ও নার্সিং শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ বিধায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে চালু করা হলো নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখা।

নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার কার্যক্রম সমূহঃ

১. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখাকে একটি আধুনিক রিসার্চ শাখা হিসাবে প্রতিষ্ঠা করা।
২. অধিদপ্তর এর আওতাধীন সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং রিসার্চ কর্ণার স্থাপন ও চালু করা।
৩. সকল নার্সিং রিসার্চ কর্ণারে আবশ্যিক রিসার্চ সামগ্রী সরবরাহ করা।
৪. প্রত্যেক রিসার্চ কর্ণারের জন্য কমপক্ষে ০২ (দুই) জন রিসার্চ মেনটর নিয়োগ করা।
৫. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ রিসার্চ মেনটর তৈরি করা।
৬. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার সহিত রিসার্চ কর্ণারের সমন্বয় বৃদ্ধি করা।
৭. রিসার্চ মেনটরদের রিসার্চ শিক্ষা কার্যক্রম তদারকি করা।
৮. শিক্ষার্থী কর্তৃক নার্সিং রিসার্চ কর্ণারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
৯. শিক্ষার্থীদেরকে নার্সিং বিষয়ে রিসার্চ করতে সহায়তা করা।
১০. শিক্ষার্থীদেরকে মানসম্মত রিসার্চ সম্পন্ন করতে সহায়তা করা।
১১. নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ শাখার সহিত দেশীয় ও উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সম্পর্ক ও সমন্বয় বৃদ্ধি করা।
১২. জাতীয় পর্যায়ে নার্সিং ও মিডওয়াইফারি রিসার্চ সেমিনার ও কনফারেন্স চালু করা।
১৩. মানসম্মত নার্সিং বিষয়ক রিসার্চ আন্তর্জাতিক রিসার্চ সেমিনার ও কনফারেন্সে প্রেজেন্ট করতে সহায়তা করা।
১৪. রিসোর্স পার্সনদেরকে আন্তর্জাতিক রিসার্চ সেমিনার ও কনফারেন্সে অংশ গ্রহণ করতে সহায়তা করা।

২। রিসার্চ শাখা অবিলম্বে কার্যক্রম শুরু করবে।

সংশ্লিষ্ট..... (সকল)।

  
২৫/০৮/২০২০  
সিদ্দিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ই-মেইল: info@dgnm.gov.bd

ফোনঃ +৮৮-০২৯১৩৬৬৭৪